দৈনিক সংবাদ

FEB. 15 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৪

# মাদ্রাসা ছাত্রদের হোস্টেল ত্যাগের নির্দেশ, আ'লীগ নেতাসহ ২১ জনের বিরুদ্ধে হত্যা মামলা

## ❑ পটিয়ায় ফের সংঘর্ষের আশঙ্কা ❑ ১৪৪ ধারা বহাল

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ পটিয়ায় নতুন করে বড় ধরনের হাঙ্গামার আশঙ্কায় ১৪৪ ধারা বলবৎ রাখা হয়েছে। আল-জামেয়া আল-ইসলামিয়া মাদ্রাসার ছাত্রদের হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়, তবে বিক্ষুব্ধ গ্রামবাসীদের দ্বারা আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকায় কয়েক হাজার মাদ্রাসা ছাত্র হোস্টেলে অবরুদ্ধ হয়ে আছে। এদিকে বুধবারের রক্তক্ষয়ী সহিংস ঘটনার জন্য পটিয়া পৌর আওয়ামী লীগ সভাপতি নুর মোহাম্মদ সিদ্দিকীসহ ২১ জনকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে। মাদ্রাসা ক্যাম্পাসে বিডিআর মোতায়েন করা হয়। খবর সংশ্লিষ্ট সূত্রের।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মাদ্রাসার সামনের ভূমি দখলকে কেন্দ্র করে বুধবার গ্রামবাসীর সঙ্গে মাদ্রাসার ছাত্রদের দফায় দফায় বোমা হামলা, গোলাগুলির ঘটনার ভয়াবহতা ঠেকাতে সন্ধ্যা থেকে ১৪৪ ধারা জারি করতে হয়। গোলাগুলিতে ফরিদউদ্দিন নামে এক কলেজ ছাত্র নিহত ও আরও শতাধিক আহত হয়। এলাকাবাসী গতকাল সকাল-সন্ধ্যা হরতালের ডাক দিলেও ১৪৪ ধারা বলবৎ থাকায় হরতাল হয়নি। তবে পটিয়া সদরে দোকানপাট বন্ধ ছিল। এলাকাবাসীর মধ্যে দিনভর আতঙ্ক বিরাজ করে। অবশ্য পুলিশি টহল ছিল জোরদার। দুপুরে নগরীর আন্দরকিল্লাহ শাহি জামে মসজিদের উত্তর গেটে এবং ওয়াসা মোড়ে মুসল্লি ও মাদ্রাসা ছাত্ররা প্রতিবাদ সমাবেশ ও মিছিল করে। তারা সমাবেশ ও মিছিল থেকে মাদ্রাসায় হামলার সঙ্গে জড়িত সন্ত্রাসীদের দ্রুত বিচার দাবি করে।

পটিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. জিন্নাহ বাদি হয়ে থানায় বুধবারের হত্যাকাণ্ডসহ সহিংস ঘটনার জন্য পৌর আওয়ামী লীগ সভাপতি নুর মোহাম্মদ সিদ্দিকী, পৌরসভার সাবেক ওয়ার্ড কমিশনার জানে আলম, শামসুল আলম, ছাত্রলীগ নেতা মনির আহমদ, বিএনপি নেতা নাসিরউদ্দিন ও শাহ আলমসহ ২১ জনের বিরুদ্ধে একটি হত্যা মামলা দায়ের করেন। মামলায় এ ২১ জনের বিরুদ্ধে দণ্ডবিধির ১৪৭, ১৪৮, ১৪৯, ৩৩২, ৩৫৩, ৪৩৫, ৪২৭, ৪৪৮, ৩৮০, ৩০২ ধারায় অভিযোগ আনা হয়।

ওদিকে মাদ্রাসার হোস্টেল সুপার ছাত্রদের হোস্টেল ত্যাগের নির্দেশ দিয়েছেন। মাদ্রাসায় ছাত্র সংখ্যা প্রায় ১৪ হাজার। ছাত্ররা গ্রামবাসীদের হামলার ভয়ে হোস্টেল ছাড়তে চাইছে না। পরিস্থিতি অবনতির আশঙ্কায় মাদ্রাসা ক্যাম্পাসে বিডিআর মোতায়েন করা হয়েছে বলে জানা গেছে।

### সাংবাদিক সম্মেলনে মাদ্রাসা কর্তৃপক্ষ

গতকাল বিকেল ৪টায় চট্টগ্রাম প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আল-জামেয়া আল-ইসলামিয়া মাদ্রাসা কর্তৃপক্ষ জানান, ২ দিন ধরে পটিয়ার কামাল বাজার এলাকার আওয়ামী লীগের পৌর সম্পাদক নুর মোহাম্মদ সিদ্দিকীর ঘরে সাবেক কমিশনার জানে আলমের উদ্যোগে ও অর্থানুকূল্যে শলাপরামর্শ মোতাবেক সন্ত্রাসীদের নিয়ে মাদ্রাসায় ধ্বংসাত্মক কার্যকলাপ চালানো হয়। এতে জামেয়ার ১২ ফ্ল্যাট বিশিষ্ট বিল্ডিংয়ের সকল দরজা-জানালা, এবং গ্রিলের গেট ভাঙচুর-লুটপাট

নির্দেশ ঃ পৃঃ ২ কঃ ৩

### নির্দেশ ঃ হোস্টেল ত্যাগের

( ১ম পৃষ্ঠার পর )

করা হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান জামেয়ার শিক্ষা বিভাগীয় পরিচালক মো. আবদুল হালিম বোখারি। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন মওলানা সুলতান জওক নদভী, রিজওয়ান জমিরাবাদী ও মো. জাকের হোসাইন।